

ইন্ডিয়া ফাউন্ডেশন ফর আর্টস (আই এফ এ)

তার শিল্পকলা-চর্চা কার্যক্রমের (Arts Practice Programmeএর) অংশ
হিসেবে

শৈলীয় নির্মাণ - এর

আবেদনপত্রের আমন্ত্রণ জানাচ্ছে

আবেদনের সময়সীমা: Friday, June 09, 2023

শিল্পকলা-চর্চা কার্যক্রমটি কিছু প্রকল্প চালু করতে ইচ্ছুক, যার মাধ্যমে শিল্পীরা তাদের বর্তমান অনুশীলনের পরিসরকে নানান নতুন দিকে বিস্তৃত করতে পারবেন। তা সম্ভবপর হতে পারে পরীক্ষানিরীক্ষামূলক ভাববোধকে প্রাধান্য দিয়ে, সাধারণভাবে মান্যতা পেয়ে থাকা প্রচলিত রীতিরেওয়াজের উদ্দেশ্যে প্রশ্ন তুলে, বিষয়বস্তু, রূপায়ন, ও মাধ্যমের কোনো নতুন সীমা অতিক্রম করে, অভিনব উপায়ে বিভিন্ন স্থান, প্রেক্ষক ও গোষ্ঠীর সঙ্গে আদানপ্রদানের সম্ভাবনা অনুসন্ধান করে।

শিল্পচর্চার গতিপথে শিল্পীরা কোনো এক মুহূর্তের সম্মুখীন হতে পারেন, যখন তাঁরা তাঁদের চর্চাকে পুনর্বিবেচনা অথবা পুনর্কল্পন করতে চান - এযাবৎ গৃহীত পরিকাঠামোগুলিকে প্রশ্ন করে, এবং তাঁদের শিল্পকর্মের সৃজন ও উপস্থাপনা সংক্রান্ত নতুন সম্ভাবনার অন্বেষণ করে। এই অনুসন্ধানের রূপায়ন হতে পারে কোনো অনুসন্ধিৎসু ও পরীক্ষামূলক শৈলীয় নির্মাণের দ্বারা।

এই ধরনের অনুসন্ধানের পথে উদ্ভাবিত নানান শৈলীয় নির্মাণকে আমরা আহ্বান জানাচ্ছি আমাদের শিল্পকলা-চর্চা কার্যক্রমে। এই প্রকল্পগুলি হতে

পারে নটধর্মী, শ্রবণলক্ষ, দৃষ্টিলক্ষ, ডিজিটাল, সাহিত্যমূলক অথবা এই সকলকে একত্রিত করা কোনো আন্তঃবিভাগীয় কাজ। নাটক, নাচ, সঙ্গীত, ইন্সটলেশন, প্রদর্শনী, বই, পত্রিকা ও অন্যান্য প্রকাশনা, ফিল্ম ও চলচ্চিত্র উপস্থাপনা, গেম, ইন্টারফেস ও অন্যান্য ডিজিটাল শিল্প, এমনকি, এয়াবং অকল্পিত শিল্পমাধ্যম – সবই সাদরে আমন্ত্রিত হল।

প্রকল্পের মেয়াদ:

আঠারো মাস পর্যন্ত

তহবিল:

সর্বোচ্চ ৫০০,০০০ টাকা

আবেদনপত্র জমা দেওয়ার তারিখ:

Friday, June 09, 2023

কারা আবেদন জানাতে পারেন?

এই প্রকল্প বিভিন্ন ক্ষেত্রের অন্তর্ভুক্ত এবং একাধিক ক্ষেত্রব্যাপী অনুশীলনকারীদের থেকে আবেদনপত্রের আহ্বান জানাচ্ছে। তাঁরা হতে পারেন:

- সংগীত, শব্দ, পাঠ্য, নৃত্য, সঞ্চারণ, নাটক, পুতুলনাচ, কথকতা, জাদুপ্রদর্শন, সার্কাস এবং অন্যান্য প্রদর্শনমূলক কলার শিল্পী
- ফিল্ম (তথ্যচিত্র এবং কল্পকাহিনী) অ্যানিমেশন, ফোটোগ্রাফি, ইন্সটলেশন, নব্যমাধ্যম, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, রোবোটিকস, পারস্পরিক আদানপ্রদানমূলক শিল্প, গেমিং, চিত্রাঙ্কন, স্থাপত্য, প্রিন্টমেকিং, কমিক বই, গ্রাফিক আলেখ্য, শিল্পী-পুস্তক, ইত্যাদি চাক্ষুষ-শিল্পের শিল্পী
- তত্ত্বাবধায়ক, বিশেষত, যাঁরা গ্যালারি-পরিসরের বাইরে কাজ করেন

- কবি, ঔপন্যাসিক, নাট্যকার, যাঁরা সাহিত্যিকলার ক্ষেত্রে কাজ করেন
- আন্তঃক্ষেত্রিক অনুশীলনকারী

আমাদের একটি প্রস্তাবপত্র পাঠান, এবং তাতে বর্ণনা করুন:

- অনুশীলনকারীরূপে আপনার বর্তমান শিল্পচর্চা, চিন্তার ও উৎসাহের বিষয়
- যে বিষয়ে আপনি অন্বেষণ করতে ইচ্ছুক, তার কারণ ও বিবরণ
- পুঙ্খানুপুঙ্খ সময়সীমা ও খরচের তহবিল
- আপনার ভূতপূর্ব কাজের নমুনা
- আপনার সিঁভি - ঠিকানা, ফোন নম্বর ও ই-মেল আইডি-সহ

নির্বাচনের প্রক্রিয়া:

প্রস্তাবপত্রগুলি বহিরাবস্থিত পরীক্ষকবৃন্দের দ্বারা মূল্যায়ন করা হবে, এবং এবং আবেদনকারীদের এই পরীক্ষকমণ্ডলীর সামনে তাঁদের প্রকল্পের পরিকল্পনাগুলি পেশ করতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার প্রক্রিয়াঃ

- প্রস্তাবের আবেদনপত্রটি আপনি যে কোনো ভারতীয় ভাষায়, অথবা ইংরেজিতেও লিখতে পারেন। ইংরেজি বাদে নানান ভারতীয় ভাষায় লেখা প্রস্তাবকে আই এফ এ বিশেষ উৎসাহ দেয়।
- আপনার ভাবনাচিন্তার খসড়া যদি আলোচনা করতে চান, অথবা আপনার যদি এ বিষয়ে কোনো জিজ্ঞাস্য থাকে, তা sumana@indiaifa.org এ লিখে জানাতে পারেন May 19, 2023 পর্যন্ত।
- আপনার চূড়ান্ত আবেদনপত্রটি, সমস্ত আনুষঙ্গিক উপকরণসহ, শুক্রবার, Friday, June 09, 2023 এর মধ্যে পাঠান sumana@indiaifa.org ঠিকানায়, একটিমাত্র ২৫ এম বি-অনুধ্বই-ই-মেলে।

মনে রাখবেন, অসম্পূর্ণ আবেদনপত্র এবং যে আবেদনকারীরা উপরোক্ত যোগ্যতার নির্ণায়কগুলির আওতায় পড়েন না, তাদের গ্রাহ্য করা হবে না।

নির্বাচিত সকল প্রকল্প আই-এফ-দ্বারা নিযুক্ত হবে।

শিল্পকলা-চর্চা কার্যক্রম (Arts Practice Programme)এর মূল সহায়ক সোনি পিকচার্স এন্টারটেনমেন্ট ফাণ্ড (*Sony Pictures Entertainment Fund*).

যোগ্যতার মানদণ্ড

ইন্ডিয়া ফাউন্ডেশন ফর দ্য আর্টস (আইএফএ) তাদের বিভিন্ন প্রকল্পের অধীনে কর্মসূচীগুলির বাস্তবায়ন ঘটায়। এই প্রকল্পগুলিতে আবেদন করার জন্য যোগ্যতার মানদণ্ড হল নিম্নরূপ:

- শুধুমাত্র ভারতীয় নাগরিক হলেই আবেদন জানাতে পারবেন। পিআইও (ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি) ও ওসিআই (ভারতের বিদেশী নাগরিক) কার্ড হোল্ডাররা এর অন্তর্ভুক্ত হবেন না।
- আবেদনকারীর অবশ্যই প্যান কার্ড থাকতে হবে এবং ভারতীয় পাসপোর্ট বা আধার কার্ড বা ভারতীয় ভোটার কার্ডের মধ্যে যেকোন একটি পরিচয় ও নাগরিকত্বের প্রমাণপত্র থাকতে হবে।
- স্বতন্ত্র ব্যক্তিরাই কেবল আবেদন জানাতে পারবেন। কোন প্রকার সংস্থা আবেদন করতে পারবে না।
- কর্মসূচীগুলিতে কোন সহযোগী থাকলে তাদেরও ভারতীয় নাগরিক হতে হবে।
- আইএফএর সাথে অতীতে কোন আর্থিক দুষ্কর্ম করা ব্যক্তিরাই যোগ্যতা লাভ করবেন না।
- পূর্বে আইএফএ অনুদানে প্রদান করতে সম্মত হওয়ার পরেও আইএফএর কাছে জমা করতে না পারা ব্যক্তিরাই যোগ্যতা পাবেন না।
- পূর্বে আইএফএর কাছ থেকে ব্যক্তি যদি এমন কোন চিঠি পেয়ে থাকেন যেখানে তাকে কোন কারণে ভবিষ্যতে আবেদন জানাতে বারণ করা হয়েছে, তাহলে তিনি যোগ্যতা পাবেন না।
- জয়েন্ট অ্যাকাউন্ট থাকলে একাধিক ব্যক্তি আবেদন জানাতে পারবেন। যদি তা না থাকে, তাহলে অন্যদের সহযোগী বানিয়ে এদের মধ্যে শুধুমাত্র একজন আবেদন জানাতে পারবেন।